

St. Xavier's School, Purulia
Bengali Literature (Phase-II)

Class - V

Date - 25/05/2020

গদ্য - “নতুন পুতুল”

- রবীন্দ্রনাথ ঠাকুর

(ক) সংক্ষিপ্ত উত্তরধর্মী প্রশ্নাবলি :

১। কিষণলাল কে? তার পুতুলের বৈশিষ্ট্য কী ছিল?

উত্তর :- কিষণলাল হল রাজবাড়ির আঙিনায় বসা পুতুলের মেলায় আসা একজন কমবয়সী নতুন কারিগর।

- তার পুতুলের বৈশিষ্ট্য ছিল যে, যে পুতুল সে গড়ত, তার কিছু গড়ত, কিছু গড়ত না। কিছু রং দিত, কিছু বাকি রাখতো। দেখে মনে হত যেন পুতুলগুলো কোনদিন ফুরোয়নি, কোন কালেই ফুরোবে না।

২। কিষণলালের পুতুল নিয়ে নবীন - প্রবীণের মধ্যে কীরকম ঝগড়া হত?

উত্তর :- নতুন যুগের অল্পবয়সী শিল্পী কিষণলাল নতুন সময়ের দাবি মেনে পুতুল গড়ত। তাই এযুগের নবীন ছেলেমেয়েরা তার পুতুলগুলি পছন্দই করল। কিষণলালের নতুন শিল্প সৃষ্টিকে বাহবা দিল। কিন্তু অন্যদিকে প্রবীণের দল এটার প্রতিবাদ করল। তারা কিষণলালের পুতুলগুলিকে শিল্পের অপমান বলে মনে করল। এই ভাবে নবীন আর প্রবীণের মধ্যে ঝগড়া বাধল।

৩। বুড়োর মেয়ে এবং তার নাতনি - এই দুজনের মধ্যে তুমি কাকে প্রকৃত শিল্প মনোভাবাপন্ন বলে মনে কর? বুড়োর প্রতি দু'জনের আচরণ বর্ণনা কর।

উত্তর :- বুড়োর মেয়ে এবং তার নাতনি - এই দু'জনের মধ্যে নাতনিই প্রকৃত শিল্প মনোভাবাপন্ন।

বুড়োর মেয়ে বুড়োকে ক্ষেত থেকে গরু বাছুর খেদানোর কাজে লাগিয়ে দিয়ে নিজে সংসারের কাজে ব্যস্ত থাকত। কিন্তু অন্যদিকে নাতনি হতাশ বুড়োকে আবার নতুন করে পুতুল গড়ার জন্য উৎসাহ দিত। শেষ পর্যন্ত বুড়ো নাতনির উৎসাহে অনুপ্রাণিত হয়েই মন থেকে দ্বিধা ও সংশয় কাটিয়ে আবার নতুন করে পুতুল গড়া শুরু করেছিল।

৪। চারদিকের চাপে পুতুল গড়া ছেড়ে কীভাবে বুড়ো অন্য কাজে ব্যস্ত হয়ে পড়ল?

উত্তর :- পুতুলের হাটে কিষণলাল আসার পর, বুড়োর পুতুল আর বিক্রি হচ্ছিল না। বুড়োর পয়সাও রোজগার আর হয়না, দিন ও চলে না তার। তাই বাধ্য হয়েই মেয়ে জামাইয়ের বাড়ি চলে এলো। এখানে তার নতুন কাজ হল মেয়ের সবজি ক্ষেত দেখাশোনা করা। এই ভাবে রোজ রোজ এই কাজ করতে করতে চারদিকের চাপে বুড়ো পুতুল গড়া ছেড়ে দিল এবং অন্য কাজে ব্যস্ত হয়ে পড়ল।

(খ) অতি সংক্ষিপ্ত উত্তরধর্মী প্রশ্নাবলি :

১। পুতুলের মেলা কোথায় বসত? ওই মেলার সেরা কারিগর ছিল কে?

উত্তর :- পুতুলের মেলা বসত রাজবাড়ির আঙিনায়।

- ওই মেলায় সেরা কারিগর ছিল আশি বছরের এক বুড়ো।

২। রাজকন্যারা বুড়োকে ছেড়ে কার পুতুল কিনতে শুরু করেছিল? কেন?

উত্তর :- রাজকন্যারা বুড়োকে ছেড়ে নতুন অল্পবয়সি শিল্পী কিষণলালের পুতুল কিনতে শুরু করেছিল।

- অল্পবয়সী কিষণলাল নতুন কায়দায় পুতুল বানাতো। যে পুতুল সে গড়ত, তার কিছু গড়ত, কিছু গড়ত না। কিছু রং দিত কিছুটা বাকি রাখত। দেখে মনে হত পুতুলগুলো যেন ফুরোয়নি, কোন কালেই ফুরোবে না। তাই নতুন যুগের ছেলেমেয়েরা তার পুতুল কিনতে শুরু করল।

৩। বুড়োর কথা সবাই ভুলে গেল কেন?

উত্তর :- নতুন কালের দাবি মেনে কিষণলাল নতুন কায়দায় পুতুল তৈরী করছিল। সবাই সেই পুতুলগুলোই কিনতে লাগল। অন্যদিকে এককালের সেরা শিল্পী বুড়োর দোকানে আর ভিড় হল না। তার পুতুল কেউ আর কিনল না। এভাবে ধীরে ধীরে বুড়োর কথা সবাই ভুলে গেল।

৪। বুড়ো মেয়ের বাড়ি যেতে বাধ্য হল কেন?

উত্তর :- বুড়োর পুতুল আর বিক্রি হয়না। বুড়োর যেমন দিনও চলে না, তেমনি তার মন ও গেল ভেঙে। শেষে সে মেয়ের বাড়ি যেতে বাধ্য হল।

৫। বুড়োর জামাই কী কাজ করত?

উত্তর :- বুড়োর জামাই মাটির প্রদীপ গড়ত আর সেগুলি বোঝাই করে শহরে নিয়ে যেত বিক্রি করতে।

৬। মেয়ের বাড়িতে বুড়োকে কে সবচেয়ে বেশি ভালোবাসত?

উত্তর :- মেয়ের বাড়িতে বুড়োকে সবচেয়ে বেশি ভালোবাসত তার ষোল বছরের নাতনি।

৭। বুড়োর সঙ্গে নাতনির কী নিয়ে কথা কাটাকাটি হত?

উত্তর :- বুড়োর সঙ্গে নাতনির কথা কাটাকাটি হত কিষণলালকে নিয়ে। নাতনি চাইতো, বুড়ো আবার পুতুল তৈরী করুক। সে ওই পুতুল নেবে। কিন্তু বুড়ো ভয় পায়। তার ধারণা কিষণলাল তার চেয়ে অনেক ভালো কারিগর। অবশেষে নাতনির আবদার মেনে বুড়ো আবার নতুন করে পুতুল গড়তে বসে।

(গ) নৈবর্তিক ও ব্যাকরণগত প্রশ্নাবলী :

১। অর্থ লেখো :

সাবেক - পুরানো	গুণী - যার গুণ আছে / শিল্পী
অনুচর - যে পিছে পিছে যায়	ঘরকরনা - সংসার
স্পর্ধা - অহংকারপূর্ণ সাহস	ইঁদারা - কুয়ো
প্রবীণ - বয়স্ক	প্রহর - তিন ঘন্টা সময়
কারিগর - শিল্পী	আগলায় - সামলায় / দেখাশোনা করে

২। বিপরীত শব্দ লেখো :-

ভালো - খারাপ / মন্দ	বোঝাই - খালি / শূণ্য
মান - অপমান	সাহস - ভয়
নবীন - প্রবীণ	নতুন - পুরানো
বুড়ো - শিশু	সাবেক - আধুনিক
খুশি - অখুশি	পছন্দ - অপছন্দ

৩। পদ পরিবর্তন করো :-

গুণী - গুণ	মন - মানসিক
কারিগর - কারিগরি	জেদ - জেদি
নতুন - নতুনত্ব	শহর - শহরে
সাহস - সাহসী	স্পর্ধা - স্পর্ধিত

৪। সঠিক বাক্যের পাশে '✓' দাগ এবং ভুলটির পাশে 'X' দাগ দাও :-

(ক) পুতুলের মেলায় একসময় সেরা কারিগর ছিল বুড়ো।	<input checked="" type="checkbox"/>
(খ) কিষণলাল কোন পুতুল পুরো বানাত না।	<input checked="" type="checkbox"/>
(গ) বুড়োর জামাই পুতুল তৈরী করত।	<input type="checkbox"/>
(ঘ) বুড়োর মেয়ে বুড়োকে পুতুল তৈরিতে উৎসাহ দিত।	<input type="checkbox"/>
(ঙ) উৎসাহ পেলে মানুষের হতাশা দূর হয়।	<input checked="" type="checkbox"/>
(চ) পুরনো আর নতুনের মধ্যে সংঘর্ষ চিরকালের।	<input checked="" type="checkbox"/>

বাড়ির কাজ :- শূণ্যস্থান পূরণ প্রশ্ন ২ এবং বাক্যরচনা কর প্রশ্ন ৪-এগুলি নিজে করো।

বিঃদ্রঃ - বাংলার যে সমস্ত পাঠের প্রশ্নোত্তর অনলাইনে করানো হচ্ছে, সেগুলি অবশ্যই স্কুলের খাতায় লিখে রাখতে হবে। স্কুল খোলার পর শিক্ষক মহাশয়কে দেখাতে হবে।